

জানুয়ারি ২০১৭ মাসের এনজিও বিষয়ক সমন্বয় কমিটির মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি	:	খান মোঃ নুরুল আমিন জেলা প্রশাসক কুড়িগ্রাম।
সভার তারিখ	:	০৩-০১-২০১৭ খ্রিষ্টাব্দ।
সভার স্থান	:	সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
সভার সময়	:	সকাল - ১০.৩০ ঘটিকা।
সভার উপস্থিতি	:	সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক' ও সভায় অনুপস্থিতির তালিকা পরিশিষ্ট 'খ'।

সভায় উপস্থিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রামকে সভার কার্যপত্র উপস্থাপন করার জন্য অনুরোধ করা হয়। সভায় অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রাম কর্তৃক পর্যায়ক্রমে আলোচ্যসূচি উপস্থাপিত হয়। বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। উপস্থিত এনজিও কর্মকর্তা/প্রতিনিধিবৃন্দকে স্ব-স্ব সংস্থার কার্যক্রমের অগ্রগতি নিয়ে আলোচনা করার জন্য অনুরোধ করা হয়। সংস্থা ভিত্তিক আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

আলোচ্যসূচি-১	:	<u>বিগত সভার কার্যবিবরণী দৃষ্টিকরণ।</u>
আলোচনা	:	উপস্থাপিত ডিসেম্বর ২০১৬ এর কার্যবিবরণীর উপর কোন মন্তব্য আছে কিনা জানতে চাওয়া হয়। সভায় উপস্থিত এনজিও প্রতিনিধিবৃন্দ গত সভার কার্যবিবরণীর উপর কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব নেই মর্মে অবহিত করেন। কার্যবিবরণীতে কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃষ্টিকরণ করা হয়। অতঃপর নিম্নোক্ত এজেন্ডাভিত্তিক আলোচনা অনুষ্ঠিত হয় এবং সর্বসম্মতিক্রমে সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।
আলোচ্যসূচি-২	:	<u>জীবিকার কার্যক্রম সম্পর্কে আলোচনা।</u>
আলোচনা	:	জীবিকা কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় অবহিত করেন যে, চর জীবিকায়ন কর্মসূচি প্রকল্পে ডিসেম্বর ২০১৬ মাসে নারী কৃষকদের ৪ টি মাসিক সভা অনুষ্ঠিত হয়। মোট অংশগ্রহণকারীর সংখ্যা ৬০ জন। ডিসেম্বর ২০১৬ মাসে ঘোগাদহ, যাত্রাপুর, বেগমগঞ্জ ইউনিয়নের ২০০ জনকে ২০০টি কঞ্চল বিতরণ করা হয়েছে। এছাড়াও সংস্থার গৃহীত অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।
আলোচ্যসূচি-৩	:	<u>আরডিআরএস বাংলাদেশ এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।</u>
আলোচনা	:	আরডিআরএস বাংলাদেশ, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় অবহিত করেন যে, সংস্থা কর্তৃক পরিচালিত কমিউনিটি হেলথ প্রোগ্রামে মা ও শিশু স্বাস্থ্য, যক্ষ্মা-কুষ্ঠ এবং আই কেয়ার প্রজেক্ট এর কার্যক্রম যথারীতি চলছে। এছাড়া স্কুল ফিডিং কর্মসূচির আওতায় সরকারি ও বেসরকারি (NGO) স্কুলে বিস্কুট বিতরণ করা হয়। সম্প্রতি WFP ফান্ডে পরিচালিত NGO স্কুলে বিস্কুট বিতরণ কর্মসূচি বন্ধ হয়েছে। কিন্তু সরকারি প্রাইমারি স্কুলে বিস্কুট বিতরণ অব্যাহত আছে। সভায় জেলা প্রশাসনের নিকট NGO পরিচালিত স্কুলে বিস্কুট বিতরণ কর্মসূচি যেন অব্যাহত থাকে সে বিষয়ে সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হয়।
আলোচ্যসূচি-৪	:	<u>সলিডারিটি এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।</u>
আলোচনা	:	সলিডারিটি, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, কুড়িগ্রাম সদর উপজেলার ENRICH প্রকল্প, রাজারহাট, নাগেশ্বরী, রৌমারী, রাজিবপুর উপজেলায় WASH IN SCHOOL প্রকল্প, রৌমারী ও রাজিবপুর উপজেলায় SFSCP চলমান রয়েছে। এ ছাড়াও তাদের সংস্থার কার্যক্রম যথারীতি চলছে।
আলোচ্যসূচি-৫	:	<u>কেয়ার এর কার্যক্রম সম্পর্কে আলোচনা</u>
আলোচনা	:	কেয়ার বাংলাদেশ, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় জানান, তার সংস্থার গৃহীত সকল কার্যক্রম যথারীতি চলছে।
আলোচ্যসূচি-৬	:	<u>মুসলিম এইড এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।</u>
আলোচনা	:	মুসলিম এইড বাংলাদেশ, নাগেশ্বরী, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় অবহিত করেন যে, ডিসেম্বর ২০১৬ মাসে তাদের সংস্থা ৪টি প্রকল্প নাগেশ্বরী উপজেলায় বাস্তবায়ন করছে। প্রকল্প সমূহের মধ্যে (১) ক্ষুদ্র ঋণ কার্যক্রমের আওতায় ৬০ জন সদস্যকে ১১,৭৫,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। সার্ভিস চার্জ হার ২০% এবং ৪ জন ঋণ উদ্যোক্তাকে ২,৯০,০০০/- টাকা বিনিয়োগ প্রদান করা হয়েছে। মুনাফার হার ২৫% হ্রাস ক্রমানুসারে। উভয়ের আদায়ের হার ৯৮%। (২) স্যানিটেশন কার্যক্রমের আওতায় মোটিভেশন প্রোগ্রামের মাধ্যমে ১টি পরিবারে ১টি টিউবয়েল এবং ২টি পরিবারে ২টি লেট্রিন স্থাপন করা হয়েছে। (৩) দারিদ্র বিমোচন কার্যক্রমের আওতায় ০% সার্ভিস চার্জে ০১ জন হতদরিদ্রকে ১০,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। (৪) শিক্ষা কার্যক্রম এর আওতায় Rainbow family project এর মাধ্যমে ৩জন দরিদ্র মেধাবী শিক্ষার্থীর প্রত্যেককে ১,৯৩০/- টাকা করে মোট ৫,৭৯০/- টাকা প্রদান করা হয়েছে।

